# WIDA Alternate ACCESS
# আপনার সন্তানের স্কোর বা ফলাফল বোঝা

| শিক্ষার্থীর ব্যক্তিগত ডোমেইন বা ক্ষেত্রের স্কোর | |
|---|---|
| শোনা | 3 |
| বলা | 4 |
| পড়া | 3 |
| লেখা | 4 |
| শিক্ষার্থীর সামগ্রিক দক্ষতার স্তর | 4 |

শিক্ষার্থীর ব্যক্তিগত রিপোর্ট থেকে নেওয়া স্কোরের একটি উদাহরণ.


Alternate ACCESS হলো একটি ইংরেজি ভাষা দক্ষতার পরীক্ষা যা অত্যন্ত গুরুতর বুদ্ধিবৃত্তিক প্রতিবন্ধকতাযুক্ত (significant cognitive disabilities) শিক্ষার্থীদের ইংরেজি ভাষার দক্ষতা পরিমাপ করে।

ইনডিভিজুয়াল স্টুডেন্ট রিপোর্ট বা শিক্ষার্থীদের ব্যক্তিগত রিপোর্টে চারটি ভাষার ডোমেইন বা ক্ষেত্রে

- শোনা
- বলা
- পড়া
- লেখা

সামগ্রিক দক্ষতার স্তর হলো চারটি ভাষার ডোমেইন স্কোরের ওপর ভিত্তি করে একটি হিসাব। সামগ্রিক দক্ষতার স্কোরের স্তরটি মূলত পড়া এবং লেখার স্কোরের ওপর ভিত্তি করে নির্ধারণ করা হয় এবং এটি স্কুলকে সিদ্ধান্ত নিতে সাহায্য করে যে আপনার সন্তানের ইংরেজি শিক্ষার্থী হিসেবে ক্রমাগত পরিষেবার প্রয়োজন আছে কি না।

দক্ষতার স্তরের স্কোরগুলো আপনার সন্তানের বর্তমান দক্ষতাগুলোকে পাঁচটি বিকল্প ইংরেজি ভাষা দক্ষতার স্তর বা **Alternate English Language Proficiency Levels (PL)**-এর মধ্যে স্থাপন করে। (দক্ষতার স্তরগুলো আপনার সন্তানের গ্রেড লেভেল বা সে কোন শ্রেণিতে পড়ে তার সাথে সম্পর্কিত নয়।)




**একজন শিক্ষার্থীর চারটি ভাষাগত ক্ষেত্রে বিকল্প ইংরেজি ভাষা দক্ষতার স্তরসমূহ প্রদর্শনকারী ব্যক্তিগত শিক্ষার্থী প্রতিবেদনের একটি উদাহরণ।**

আপনার সন্তানের স্কোরের নিচে, WIDA কিছু অ্যাক্টিভিটি বা কার্যকলাপ অন্তর্ভুক্ত করেছে যা আপনার সন্তানের দক্ষতার স্তরে থাকা একজন সাধারণ শিক্ষার্থী করতে পারে।

## আমার পরে কী করা উচিত?

- আপনার সন্তানের ইনডিভিজুয়াল স্টুডেন্ট রিপোর্টে একটি অংশ রয়েছে যেখানে পরামর্শ দেওয়া হয়েছে যে আপনি কীভাবে আপনার সন্তানকে সাহায্য করতে এই তথ্য ব্যবহার করতে পারেন।
- আপনার কোনো প্রশ্ন থাকলে আপনার সন্তানের শিক্ষকের সাথে যোগাযোগ করুন।

WIDA™
UNIVERSITY OF WISCONSIN–MADISON

wida.wisc.edu

WIDA is housed within the Wisconsin Center for Education Research at the University of Wisconsin-Madison.
© 2024 Board of Regents of the University of Wisconsin System, on behalf of WIDA